গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য অফিসারের কাযালয়
ঝিনাইদহ।
www.fisheries.jhenaidah.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৪৪০০.৪০০.১৭.০১৭.১৪- ৫৮ তারিখ-১৫/০২/২০২১ খ্রি.

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ
খুলনা।

বিষয়- ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন প্রতিবেদন এ সাথ সংযুক্ত করে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত) ।

বিয়য়টি আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত- বর্ননামোতাবেক ০১ (এক) প্রস্থ।

১৫/০২/২১
(মোঃ আলফাজ উদ্দীন শেখ)
জেলা মৎস্য কর্মকর্তা
ঝিনাইদহ।
dfojhenaidah@fisheries.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৪৪০০.৪০০.১৭.০১৭.১৪- ৫৮/১(২) তারিখ-১৫/০২/২০২১ খ্রি.
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-
১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। অফিস কপি।

১৫/০২/২১
জেলা মৎস্য কর্মকর্তা
ঝিনাইদহ।

## উদ্ভাবনী/ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়নঃ

| | |
|---|---|
| উদ্ভাবন প্রস্তাব (উদ্ভাবনের সংক্ষিপ্ত শিরোনাম) | **উপজেলাতে উন্নত মৎস্য বীজ ও পোনা সরবরাহের লক্ষ্যে তথ্য কেন্দ্র স্থাপন।** |
| উদ্ভাবন পূর্ববর্তী সমস্যা: (যে সমস্যা সমাধানের জন্য প্রস্তাবিত উদ্ভাবন করা হয়েছে তার বর্ণনা) | ১. খামারীরা উন্নত রেনু ও পোনার অভাবে মাছ চাষে ক্ষতিগ্রস্থ হচ্ছে।<br>২. রেনু ও পোনা প্রাপ্তির তথ্যের অভাবে বানিজ্যিকভাবে উচ্চ ফলনশীল এবং দেশীয় প্রজাতীর মাছ চাষে নিরুৎসাহিত হচ্ছে।<br>৩. খামারীরা যত্রতত্র থেকে রেনু ও পোনা ক্রয় করে পরিমানে ও দামে ঠকছে।<br>৪. উন্নত রেনু ও পোনা প্রাপ্তির তথ্যের অভাবে অনেক খামারী বৈজ্ঞানিক পদ্ধতিতে বানিজ্যিকভাবে মাছ চাষে এগিয়ে আসছে না।<br>৫. উন্নত জাতের পোনা উৎপাদনে খামারীদের উৎসাহের অভাব |
| সমস্যার সমাধান: (চিহ্নিত সমস্যা সমাধানে গৃহীত প্রক্রিয়ার সংক্ষিপ্ত বর্ণনা) | ১. টীমে উদ্ভাবনী প্রস্তাব পর্যালোচনা।<br>২. সমগ্র প্রকল্পের এক নজরে পরীকল্পনা প্রণয়ন।<br>৩. লীফদের মাধ্যমে ইউনিয়ন ওয়ারী উন্নত পোনা সরবরাহ করতে ইচ্ছুক এমন খামারীদের তথ্য সংগ্রহ ও সংরক্ষন।<br>৪. উন্নত মৎস্য বীজ প্রাপ্তি সংক্রান্ত হ্যাচারী মালিকগনের তথ্য সংগ্রহ ও সংরক্ষণ।<br>৫. প্রথম পর্যায়ে সদর উপজেলাতে এবং পরবর্তীতে অন্যান্য উপজেলাগুলোতে সেমিনার, মাইহিং, লিফলেট বিতরন, পোষ্টার, ফেইসবুক, ইমেইল ইত্যাদির মাধ্যমে উন্নত মৎস্য বীজ ও পোনা সরবরাহের তথ্য প্রদান সংক্রান্ত তথ্য কেন্দ্রের ব্যপক প্রচার প্রচারনা করা।<br>৬. খামারীদের অফিসে, মাঠ পযায়ে, মোবাইল, ফেইসবুক, ইমেইল ইত্যাদি এর মাধ্যমে উন্নত মৎস্য বীজ ও পোনা প্রাপ্তি স্থান সংক্রান্ত তথ্য সরবরাহ করা।<br>৭.অর্জিত অগ্রগতি টেকসইকরণে পদ্ধতিগত ব্যবস্থা গ্রহণ। |
| সমাধানের বৈশিষ্ট্য:<br>*নতুনত্ব(Novelty): সেবা প্রদান প্রক্রিয়ায় গৃহীত কার্যক্রম কোন উল্লেখযোগ্য পরিবর্তন/উন্নতি সাধন করেছে কিনা? | উপজেলাতে উন্নত মৎস্য বীজ ও পোনা সরবরাহের লক্ষ্যে তথ্য কেন্দ্র নেই। |
| কার্যকারিতা (Effectiveness): গৃহীত কার্যক্রম সুনির্দিষ্ট সেবা গ্রহীতা শ্রেণীর চাহিদা পূরণে সক্ষম কিনা ? কারা উপকৃত হয়েছেন? সেবাগ্রহীতা উপকৃত(benefitted) হয়েছেন কিনা? | সেবা গ্রহীতা শ্রেণীর চাহিদা পূরণে অবশ্যই সক্ষম। একমাত্র মৎস্য খামারী উপকৃত হয়েছেন। এই ধরনের আইডিয়ার ফলে মৎস্য খামারীরা তাদের চাহিদা মোতাবেক এবং বিজ্ঞানসম্মত মাছ চাষে ব্যপক আগ্রহ প্রকাশ করছে। |
| *তাৎপর্য (Significance): গৃহীত কার্যক্রম স্থানীয় সমস্যা হ্রাসকরণে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে কিনা ? এটি ব্যবস্থাপনার বা সমস্যা সমাধানের সাংগঠনিক কর্মপরিবেশ বা প্রথাগত দৃষ্টিভঙ্গিতে কোন পরিবর্তন এনেছে কিনা? | এই কার্যক্রমের ফলে খামারীরা গুনগতমানের পোনা প্রাপ্তির সন্ধান পাচ্ছে। পূর্বে খামারীরা বড় মাছের পোনা মজুদ করতো না বর্তমানে পোনা প্রাপ্তির তথ্য পেয়ে তাদের বড় মাছ মজুদ করে অধিকতর বড় মাছ চাষ করার প্রবনতা বেড়েছে। পোনা উৎপাদনকারীরাও ব্যপক উৎসাহ উদ্দীপনার সাথে পোনা তৈরি করছে এবং মৎস্য অফিস খামারীদের আস্তার জায়গা হিসাবে পরিচিত হয়েছে। এধরনের কার্যক্রমে হ্যাচারী মালিক, পোনা উৎপাদনকারীসহ সকল খামারীদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন সাধিত হয়েছে। |
| *টেকসই ক্ষমতা (Sustainability): গৃহীত কার্যক্রমের মাধ্যমে প্রদত্ত সেবা স্থায়ী বা টেকসই কিনা? উদ্ভাবিত সমাধান স্বীয় অফিসে নির্বিঘ্নে চালু রয়েছে কিনা? | গৃহীত কার্যক্রমের মাধ্যমে প্রদত্ত সেবা অবশ্যই স্থায়ী বা টেকসই হবে। কার্যক্রম বাস্তবায়ন ৩০% হতে না হতে সেবা গ্রহীতারা সুবিধা পেতে শুরু করেছে। এটি ১০০% সমাপ্ত হলে সকল খামারী মৎস্য অফিসের ছাতার নিচে আসবে মর্মে শতভাগ বিশ্বাস করা যাচ্ছে। |
| *অন্যত্র বাস্তবায়নযোগ্যতা (Replicability): গৃহীত কার্যক্রম সমজাতীয় অন্য কোন প্রতিষ্ঠান গ্রহণ করেছে কিনা? গৃহীত কার্যক্রম সমজাতীয় অন্যান্য নীতিনির্ধারণী ক্ষেত্রে তা মডেল হিসেবে গ্রহণ করার যোগ্য কিনা? | এধরনের কার্যক্রম কোন প্রতিষ্ঠান গ্রহন করেনি মর্মে জানা যায়। গৃহীত কার্যক্রম সমজাতীয় অন্যান্য নীতিনির্ধারণী ক্ষেত্রে তা মডেল হিসেবে গ্রহণ করার যোগ্য। |
| উদ্ভাবন উদ্যোগ গ্রহণে বিবেচ্য বিষয়সমূহ: উদ্ভাবন প্রস্তাব বিদ্যমান আইন ও বিধিবিধানের লঙ্ঘন করেছে কিনা? এই উদ্যোগের মাধ্যমে বিদ্যমান আইন ও পদ্ধতিতে জনসাধারণকে স্বল্প সময়ে ও ব্যয়ে হয়রানি মুক্তভাবে উন্নতমানের সেবা প্রদান সম্ভব কিনা? | উদ্ভাবন প্রস্তাব বিদ্যমান আইন ও বিধিবিধানের লঙ্ঘন করেনি। এই উদ্যোগের মাধ্যমে বিদ্যমান আইন ও পদ্ধতিতে জনসাধারণকে স্বল্প সময়ে ও ব্যয়ে হয়রানি মুক্তভাবে উন্নতমানের সেবা প্রদানে সম্ভব। |

১৫/০২/২১

(মোঃ আলফাজ উদ্দীন শেখ)
জেলা মৎস্য কর্মকর্তা
ঝিনাইদহ।
dfojhenaidah@fisheries.gov.bd